

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং-৩৭.০২.১৯৩৩.০০০.২৩.০০২.২৬.৩৮

তারিখঃ ০১/০৪/২০২৬খ্রি।

বিষয়ঃ উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের ৪৭ তম বিজ্ঞান মেলা, ১০ম বিজ্ঞান অলিম্পিয়াড ও ১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহন প্রসঙ্গে।

বর্ণিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার সকল স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ ও মাদ্রাসা প্রধানদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে ১০ম বিজ্ঞান অলিম্পিয়াড ও ১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আগামী ০৮/০৪/২০২৬ খ্রি. তারিখ বুধবার সকাল ১০ টায় সুয়াগঞ্জ তফাজ্জল আহাম্মদ চৌধুরী হাই স্কুল এন্ড কলেজে অনুষ্ঠিত হবে। ৪৭ তম বিজ্ঞান মেলা আগামী ০৯/০৪/২০২৬ খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ টা হতে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ মাঠে অনুষ্ঠিত হবে। বিজ্ঞান অলিম্পিয়াড ও বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা ও বিজ্ঞান মেলা ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জুনিয়র গ্রুপ, উচ্চ মাধ্যমিক বা সমমান পর্যায়ে সিনিয়র গ্রুপ এবং বিজ্ঞান বিষয়ক বিভিন্ন ক্লাবের জন্য বিশেষ গ্রুপ হিসাবে বিবেচিত হবে। সিনিয়র ও জুনিয়র গ্রুপের একটি প্রকল্প একজন শিক্ষার্থী উপস্থাপন করবে। তবে প্রকল্পের আকার বড় হলে অনধিক দুইজন শিক্ষার্থী উপস্থাপন করবে। বিশেষ গ্রুপের একটি প্রকল্প একজন ব্যক্তিই উপস্থাপন করবে। বিজ্ঞান অলিম্পিয়াড প্রতিযোগিতা একক এবং বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা দলীয়ভাবে অনুষ্ঠিত হবে। কুইজ প্রতিযোগিতায় একটি প্রতিষ্ঠান থেকে (০৩) তিন জনের একটি দল অংশগ্রহন করতে পারবে। বিজ্ঞান অলিম্পিয়াডে প্রতি প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ (০৫) পাঁচজন প্রতিযোগী এককভাবে অংশগ্রহন করতে পারবে। অলিম্পিয়াড প্রতিযোগিতা জুনিয়র ও সিনিয়র গ্রুপে অনুষ্ঠিত হবে। কুইজ প্রতিযোগিতা শুধুমাত্র জুনিয়র গ্রুপে অনুষ্ঠিত হবে। বিজ্ঞান অলিম্পিয়াড ও বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহনকারীদের তালিকা, বিজ্ঞান মেলায় উপস্থাপনের প্রজেক্ট এর নাম উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে আগামী ০৫/০৪/২০২৬ তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হল।

  
(সৈয়দ মোঃ তৈয়ব হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

প্রাপক,

অধ্যক্ষ, প্রধান শিক্ষক, সুপার  
স্কুল/ স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা.....সকল  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

সদয় অবগতির জন্যঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
- ২। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা
- ৩। অফিস কপি।